रजिस्ट्री सं डी-221

Registered No. D-211

রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

## असाधारण
## EXTRAORDINARY
## বিশেষ

**भाग VII—अनुभाग 1**

**PART VII—Section 1**

ভাগ ৭—অনুভাগ ১

प्राधिकार से प्रकाशित

**Published by Authority**

প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 10 | नई दिल्ली, शुक्रबार, सितम्वर 4, 2020 | [भाद्र 13, 1942 शक |
| No. 10 | NEW DELHI, FRIDAY, SEPTEMBER 4, 2020 | [BHADRA 13, 1942 (SAKAY) |
| নং 10 | নতুন দিল্লী, শুক্রবার, ৪ঠা সেপ্টেম্বর ২০২০ | [১৩ই ভাদ্র, ১৯৪২(শক) |

**বিধি ও ন্যায় মন্ত্রণালয়**
**(বিধান বিভাগ)**

নতুন দিল্লী, ১১ই মার্চ, ২০২০/২১ শে ফাল্গুন, ১৯৪১ (শক)

(১) দি মেডিক্যাল টারমিনেশন অফ প্রেগন্যানসি অ্যাক্ট, ১৯৭১ (১৯৭১-এর ৩৪),

(২) দি অ্যান্টি অ্যাপারথেইড (ইউনাইটেড নেশন্স কন্‌ভেন্‌শান্) অ্যাক্ট, ১৯৮১ (১৯৮১-র ৪৮),

(৩) দি স্টেট এমব্লেম অফ ইণ্ডিয়া (প্রোহিবিশন অফ ইমপ্রপার ইয়ুজ) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫০),

(৪) দি কমিশনস্ ফর প্রোটেক্সন্ অফ্ চাইল্ড রাইট্স্ অ্যাক্ট, ২০০৫ (২০০৬-এর ৪),

(৫) দি ন্যাশনাল ইনভেস্টিগেশন্ এজেন্সি অ্যাক্ট, ২০০৮ (২০০৮-এর ৩৪),

(৬) দি সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড অ্যাক্ট, ২০০৮ (২০০৯-এর ৯),

(৭) দি সেন্ট্রাল গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৬),

(৮) দি ইনটিগ্রেটেড গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৭) এবং

(৯) দি মুসলিম উইমেন (প্রোটেকশন অফ রাইটস অন ম্যারেজ) অ্যাক্ট, ২০১৯ (২০১৯-এর ২০)-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীন প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

## *MINISTRY OF LAW AND JUSTICE*

### *(Legislative Department)*

New Delhi, Dated, the 11th March, 2020/ 21 Phalguna, 1941 (Saka)

(1) The Medical Termination of Pregnancy Act, 1971 (34 of 1971),

(2) The Anti-Apartheid (United Nations Convention) Act, 1981 (48 of 1981),

(3) The State Emblem of India (Prohibition of Improper Use) Act, 2005 (50 of 2005),

(4) The Commission for Protection of Child Rights Act, 2005 (4 of 2006),

(5) The National Investigation Agency Act, 2008 (34 of 2008),

(6) The Science and Engineering Research Board Act, 2008 (9 of 2009),

(7) The Central Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (26 of 2017),

(8) The Integrated Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (27 of 2017) and

(9) The Muslim Women (Protection of Rights on Marriage) Act, 2019 (20 of 2019) are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

---

## মুসলমান মহিলা (বিবাহ-অধিকার রক্ষা) আইন, ২০১৯

## (২০১৯-এর ২০ নং আইন)

[১১ ই মার্চ, ২০২০ তারিখে যথা-বিদ্যমান]

বিবাহিত মুসলমান মহিলাগণের অধিকার রক্ষা ও তাঁহাদের স্বামীগণকর্তৃক *তালাক* ঘোষণের মাধ্যমে বিবাহবিচ্ছেদের প্রতিষেধ এবং তৎসংশ্লিষ্ট বা তদানুষঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থা করণার্থ আইন।

ইহা ভারত সাধারণতন্ত্রের সপ্ততিতম বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল :-

### অধ্যায় ১

### প্রারম্ভিক

সংক্ষিপ্ত নাম, প্রসার ও প্রারম্ভ।

১। (১) এই আইন মুসলমান মহিলা (বিবাহ-অধিকার রক্ষা) আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা জম্মু ও কাশ্মীর রাজ্য ভিন্ন সমগ্র ভারতে প্রসারিত হইবে।

(৩) ইহা ১৯শে সেপ্টেম্বর, ২০১৮ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

সংজ্ঞা।

২। এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে, –

(ক) 'বৈদ্যুতিন প্ররূপ"-এর সেই একই অর্থ হইবে উহার যে অর্থ ইনফরমেশন টেকনোলজি অ্যাক্ট, ২০০০-এর ২ ধারার (১) উপধারার (দ) প্রকরণে নির্দিষ্ট রহিয়াছে ; ২০০০- এর ২১।

(খ) "ম্যাজিস্ট্রেট" বলিতে যে এলাকায় ঐ বিবাহিত মুসলমান মহিলা বসবাস করেন সেখানে কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩ অনুযায়ী ক্ষেত্রাধিকার প্রয়োগকারী প্রথম শ্রেণীর এরূপ কোন বিচারিক ম্যাজিস্ট্রেটকে বুঝায় ; এবং ১৯৭৪-এর ২।

(গ) "*তালাক*" বলিতে *তালাক-ই-বিদ্দৎ* অথবা কোন মুসলমান স্বামীর দ্বারা ঘোষিত তাৎক্ষণিক ও অপ্রতিসংহরণীয় বিবাহবিচ্ছেদের কার্যকারিতাসম্পন্ন সমরূপের অন্য কোন *তালাক*-কে বুঝায়।

### অধ্যায় ২

### *তালাক* ঘোষণা বাতিল ও অবৈধ হইবে

*তালাক* বাতিল ও অবৈধ হইবে।

৩। কোন মুসলমান স্বামী কর্তৃক তাঁহার স্ত্রী-কে, মৌখিক অথবা লিখিত শব্দের দ্বারা অথবা বৈদ্যুতিন প্ররূপের মাধ্যমে বা অন্য যে কোন প্রণালীতে *তালাক* ঘোষণ করা হইলে উহা বাতিল ও অবৈধ হইবে।

*তালাক* ঘোষণের জন্য দণ্ড।

৪। কোন মুসলমান স্বামী যিনি তাঁহার স্ত্রী-কে ৩ ধারায় উল্লিখিত *তালাক* ঘোষণ করেন, তিনি তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডিত হইবেন, এবং জরিমানারও দায়িতাধীন হইবেন।

### অধ্যায় ৩

### বিবাহিত মুসলমান মহিলাগণের অধিকারসমূহের রক্ষা

খোরপোষ ভাতা।

৫। তৎসময়ে বলবৎ অন্য কোন বিধির বিধানাবলীর ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, যে বিবাহিত মুসলমান মহিলাকে *তালাক* ঘোষণ করা হইয়াছে তিনি, তাঁহার নিজের ও নির্ভরশীল

সন্তানগণের জন্য, তাঁহার স্বামীর নিকট হইতে, ম্যাজিস্ট্রেট কর্তৃক যেরূপ নির্ধারিত হইবে সেরূপ অর্থপরিমাণের খোরপোষ ভাতা পাইবার অধিকারী হইবেন।

নাবালক সন্তানের অভিরক্ষা।

**৬।** তৎসময়ে বলবৎ অন্য কোন বিধিতে যাহা কিছু আছে তৎসত্ত্বেও, কোন বিবাহিত মুসলমান মহিলা তাঁহার স্বামী কর্তৃক *তালাক* ঘোষণের ক্ষেত্রে, ম্যাজিস্ট্রেট কর্তৃক যেরূপ নির্ধারিত হইবে সেরূপ প্রণালীতে, তাঁহার নাবালক সন্তানগণের অভিরক্ষা লাভ করিবার অধিকারী হইবেন।

অপরাধ প্রগ্রাহ্য, প্রশমনযোগ্য, ইত্যাদি হইবে।

৭। কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩-এ যাহা কিছু আছে তৎসত্ত্বেও,– ১৯৭৪-এর ২।

(ক) যদি যে বিবাহিত মুসলমান মহিলাকে *তালাক* ঘোষণ করা হইয়াছে তৎকর্তৃক অথবা তাঁহার সহিত রক্তের বা বৈবাহিক সূত্রে সম্পর্কিত কোন ব্যক্তি কর্তৃক কোন থানার ভারপ্রাপ্ত আধিকারিককে এই আইন অনুযায়ী দণ্ডনীয় অপরাধের সঙ্ঘটন সম্পর্কে তথ্য দেওয়া হয়, তাহাহইলে ঐ অপরাধ প্রগ্রাহ্য হইবে ;

(খ) যে বিবাহিত মুসলমান মহিলাকে *তালাক* ঘোষণ করা হইয়াছে তাঁহার উপরোধে, এই আইন অনুযায়ী দণ্ডনীয় কোন অপরাধ, ম্যাজিস্ট্রেটের অনুমতি সহ, তিনি যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ শর্ত ও কড়ারে, প্রশমনযোগ্য হইবে।

(গ) এই আইন অনুযায়ী দণ্ডনীয় কোন অপরাধে অভিযুক্ত কোন ব্যক্তিকে, ঐ অভিযুক্ত কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে ও যে বিবাহিত মুসলমান মহিলাকে *তালাক* ঘোষণ করা হইয়াছে তাঁহার বক্তব্য শুনিবার পর, ঐরূপ ব্যক্তিকে জামিন মঞ্জুর করিবার যুক্তিসঙ্গত হেতু আছে বলিয়া ম্যাজিস্ট্রেটের প্রতীতি না হইলে, জামিনে মুক্তি দেওয়া হইবে না।

নিরসন ও ব্যবৃত্তি।

৮। (১) মুসলমান মহিলা (বিবাহ-অধিকার রক্ষা) দ্বিতীয় অধ্যাদেশ, ২০১৯ এতদ্দ্বারা নিরসিত হইল। ২০১৯-এর অধ্যাদেশ ৪।

(২) ঐরূপ নিরসন সত্ত্বেও, মুসলমান মহিলা (বিবাহ-অধিকার রক্ষা) দ্বিতীয় অধ্যাদেশ, ২০১৯ অনুযায়ী কৃত কোন কার্য অথবা গৃহীত কোন ব্যবস্থা, এই আইনের বিধানাবলী অনুযায়ী কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে। ২০১৯-এর অধ্যাদেশ ৪।

ভারত সরকারের পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের বিধি বিভাগ কর্তৃক প্রকাশিত ও সরস্বতী প্রেস লিমিটেড, ১১ বি.টি. রোড, কলকাতা ৭০০ ০৫৬ কর্তৃক মুদ্রিত।